# নমুনা প্রশ্ন

এইচএসসি পরীক্ষা–
বাংলা (আবশ্যিক) প্রথম পত্র
কোর্স কোড : HSC-1851
**সৃজনশীল প্রশ্ন**

সময় : ২ ঘণ্টা ১০ মিনিট পূর্ণমান : ৬০

[দ্রষ্টব্য : প্রদত্ত উদ্দীপকগুলো মনোযোগ দিয়ে পড়ুন এবং সংশ্লিষ্ট প্রশ্নগুলোর উত্তর দিন। 'ক' বিভাগ থেকে **দুইটি**, 'খ' বিভাগ থেকে **দুইটি**, 'গ' বিভাগ থেকে **একটি** ও 'ঘ' বিভাগ থেকে **একটি** করে মোট **ছয়টি** প্রশ্নের উত্তর দিতে হবে। ডান পাশে উল্লিখিত সংখ্যা প্রশ্নের পূর্ণমান জ্ঞাপক। একই প্রশ্নের উত্তরে সাধু ও চলতি ভাষারীতির মিশ্রণ দুষণীয়।

## 'ক' বিভাগ : গদ্য
**(যে-কোনো দুটি প্রশ্নের উত্তর দিন)**

**১.** নিষ্ঠাবান ব্রাহ্মণ সুজিত চক্রবর্তীর পুত্র সঞ্জীব পোস্টমাস্টারের চাকরি নিয়ে আসে কমলদহ গ্রামে। কিছুদিন পর নিঃসঙ্গ সঞ্জীব ম্যালোরিয়ায় আক্রান্ত হয়ে অচেতন হয়ে পড়ে। পাশের বাড়ির নিম্নবর্ণের মেয়ে, স্কুল শিক্ষিকা শিউলী ডাক্তার ডেকে তার চিকিৎসা করায় এবং সেবাযত্নের জন্য গ্রামের এক দরিদ্র মাসিকে নিয়োগ করে। শিউলীর প্রত্যক্ষ তত্ত্বাবধানে সেবা ও উপযুক্ত চিকিৎসা পেয়ে সুস্থ হয়ে ওঠে সঞ্জীব। শিউলীর মার্জিত রুচি, ব্যক্তিত্ব, মানবতাবোধে মুগ্ধ হয়ে জাতভেদ ভুলে বাবার অমতে তাকে বিয়ে করে সঞ্জীব। প্রথাগত সংস্কারের বিপরীতে জয় হলো মনুষ্যত্বের।

ক. 'বিলাসী' গল্পের মৃত্যুঞ্জয়ের ছিল শুধু গ্রামের এক প্রান্তে একটা ... বাগান।' –কীসের বাগান?
খ. 'ইহা আর একটা শক্তি, যাহা বহু স্বামী-স্ত্রী একশ বৎসর একত্রে ঘর করার পরেও হয়তো তাহার কোনো সন্ধান পায় না।' –উক্তিটির মর্মার্থ লিখুন।
গ. 'বিলাসী' গল্পের বিলাসী চরিত্রের সঙ্গে উদ্দীপকের শিউলী চরিত্রের বৈসাদৃশ্য আলোচনা করুন।
ঘ. "উদ্দীপকটিতে 'বিলাসী' গল্পের সমাজ বাস্তবতার আংশিক প্রতিফলন ঘটেছে"। –মন্তব্যটি বিচার করুন।

**২.** পূর্ণ স্বাধীনতা পেতে হলে সকলের আগে আমাদের বিদ্রোহ করতে হবে, সকল কিছু নিয়ম- কানুন, বাঁধন- শৃঙ্খল, মানা-নিষেধের বিরুদ্ধে। এই বিদ্রোহ করতে হলে সকলের আগে আপনারে চিনতে হবে, বুক ফুলিয়ে বলতে হবে– 'আমি আপনারে ছাড়া করি না কাহারে কুর্নিশ।'

ক. মানুষের মধ্যে কখন নির্ভরতা আসে?
খ. 'আমার কর্ণধার আমি।' –উক্তিটি কোন অর্থে ব্যবহৃত হয়েছে?
গ. উদ্দীপকের ভাবনা 'আমার পথ' প্রবন্ধের সঙ্গে কীভাবে সামঞ্জস্যপূর্ণ? –আলোচনা করুন।
ঘ. "আত্মশক্তির জাগরণই স্বাধীনতা অর্জনের পাথেয়।" –উদ্দীপক ও 'আমার পথ' প্রবন্ধের আলোকে মন্তব্যটি বিচার করুন।

**৩.** বিষ পিঁপড়ার পা ছেঁড়ার  চেষ্টা করা নেহায়েতই বোকামির কাজ, কারণ তখন সেটা টিটনের বুড়ো আঙ্গুলে আবার কামড়ে ধরল। টিটন বলল, "আউ! আউ!" এবং কিছু বোঝার আগে সেই পিঁপড়া তার হাত থেকে ছাড়া পেয়ে প্রথমে গাছের ডালে তারপর পাতার আড়ালে গিয়ে অন্য পিঁপড়াদের মাঝে গা ঢাকা দিয়ে ফেলল। সেটাকে আলাদা করে আর খুঁজে পাওয়ার কোনো উপায় নেই। টিটন ফোঁস করে একটা নিঃশ্বাস ফেলে বলল, "দেখেছিস? দেখেছিস বদমাইশ পিঁপড়াটা কী করল?

ক. সৌরজগতের তৃতীয় গ্রহের নাম কি?
খ. 'মহাজাগতিক কিউরেটর' গল্পে কাকে 'অত্যন্ত সুবিবেচক' বলা হয়েছে?
গ. উদ্দীপকটি 'মহাজাগতিক কিউরেটর' গল্পের সঙ্গে কীভাবে সাদৃশ্যপূর্ণ? –আলোচনা করুন।
ঘ. "মহাজাগতিক কিউরেটর' গল্পের পিঁপড়া ও উদ্দীপকের পিঁপড়ার চেতনাগত ভিন্নতা রয়েছে।" –মন্তব্যটি বিশ্লেষণ করুন।

## ‘খ’ বিভাগ : কবিতা
### (যে-কোনো দুটি প্রশ্নের উত্তর দিন)

৪.
“আমায় নহে গো, ভালোবাস শুধু ভালোবাস মোর গান
বনের পাখিরে কে চিনে রাখে গান হলে অবসান
চাঁদেরে কে চায়, জোছনা সবাই যাচে
গীত-শেষে বীণা পড়ে থাকে ধূলি-মাঝে।”

ক. ‘সোনার তরী’ কবিতায় কৃষকের ছোটো খেতের চারদিকে কী খেলা করছে?
খ. সোনার তরীতে কৃষকের ঠাঁই হলো না কেন?
গ. সোনার তরী’ কবিতার ধানের সঙ্গে উদ্দীপকের গান ও গীতের তুলনা করুন।
ঘ. “উদ্দীপক এবং সোনার তরী’ কবিতার মূলভাব অভিন্ন।” –আপনার মতামত দিন।

৫. তিতুমির বাংলার একজন অকুতোভয় বীর। তিনি ভারতবর্ষে অন্যায়, নিপীড়ন আর শোষণবিরোধী সংগ্রামের ছবি। ঔপনিবেশিক শক্তি ইংরেজ আর স্থানীয় জমিদারদের বিরুদ্ধে তাঁর লড়াই এখনও এ মাটির সন্তানদের বুকে শিহরণ জাগায়। এদেশ এখনও নানা সংকট ও সংগ্রামে তাঁকে স্মরণ করে। তিতুমির আমাদের জাতীয় চেতনার প্রতীক।

ক. ‘নিলক্ষ’ শব্দের অর্থ কী?
খ. নূরুলদীন ইতিহাসে বিখ্যাত কেন?
গ. উদ্দীপকটি ‘নূরুলদীনের কথা মনে পড়ে যায়’ কবিতার সঙ্গে কোন দিক থেকে সাদৃশ্যপূর্ণ? –তুলে ধরুন।
ঘ. “উদ্দীপকে ‘নূরুলদীনের কথা মনে পড়ে যায়’ কবিতার পূর্ণ অনুরণন ঘটেনি।” –আলোচনা করুন।

৬. মাইকেল মধুসূদন দত্তের ‘মেঘনাদবধ কাব্যে’ রামচন্দ্রের কনিষ্ঠ ভ্রাতা লক্ষ্মণ নিকুম্ভিলা যজ্ঞাগারে নিরস্ত্র মেঘনাদকে বধ করে। মেঘনাদের মৃত্যুতে শোকাতুর পিতা লঙ্কার রাজা রাবণের হাহাকার, আর্তনাদ:

“ছিল আশা মেঘনাদ, মুদিব অন্তিমে
এ নয়নদ্বয়, আমি তোমার সম্মুখে-
সঁপি রাজ্যভার, পুত্র তোমায়, করিব মহাযাত্রা।”

ক. ‘কবর’ কবিতায় নাতির ছোট ফুপুর মৃত্যুর কারণ কী?
খ. ‘কবর’ কবিতায় ‘জোড়মানিকেরা’ কারা? কেন?
গ. উদ্দীপকের মেঘনাদ ‘কবর’ কবিতার কার প্রতিনিধিত্ব করে? আলোচনা করুন।
ঘ. “উদ্দীপকের রাবণ এবং ‘কবর’ কবিতার বৃদ্ধ দাদুর স্বজন হারানোর বেদনা সমভাবে হৃদয়বিদারক।” –বিশ্লেষণ করুন।

## ‘গ’ বিভাগ : উপন্যাস– ‘লালসালু’

৭. রসময় চকোত্তি ভবা পাগলার মন্দিরে পুরোহিত। স্থানীয় মানুষের ধারণা তিনি অভিজাত সম্প্রদায়ের ব্রাহ্মণ। মন্দিরে পুজা ও ভগবানের নাম সংকীর্তন করে তাঁর সময় কাটে। লোকে বলে ভগবানের সঙ্গে তাঁর সরাসরি সম্পর্ক রয়েছে। ফলে দশ গ্রামের মানুষ মন্দিরে আসে তাঁকে সেবা দিতে। শত মানুষের প্রার্থনা, আবদার, অনুযোগ আর দুঃখ, কষ্টে ভরে উঠে পাষাণ প্রতিমার মন্দির। প্রতিমার দেবতাকে তুষ্ট করতে গিয়ে জনতার কড়িতে ভরে ওঠে মন্দিরের কড়িকাঠ। কালের চক্রে রসময়ের ধন বাড়ে, মান বাড়ে আর প্রতিমার প্রতি আপামর জনতার বাড়ে ভয় আর ভরসা।

ক. সৈয়দ ওয়ালীউল্লাহ কত সালে জন্মগ্রহণ করেন?
খ. ‘মজিদ ধরা- ছোঁয়ার বাইরে। যোগসূত্র হচ্ছে রহিমা।’ –কেন?
গ. উদ্দীপকের রসময় চকোত্তি ‘লালসালু’ উপন্যাসে কাকে ইঙ্গিত করে? –আলোচনা করুন।
ঘ. “উদ্দীপক ও ‘লালাসালু’ উপন্যাসে ধর্ম ব্যবসায়ের একই চিত্র প্রকাশিত হয়েছে।” –মন্তব্যটি বিশ্লেষণ করুন।

**অথবা**

৮. এলাকায় শফি কবিরাজের বেশ নাম-ডাক। যে কোন অসুখ-বিসুখে গ্রামের লোকের তিনিই একমাত্র ভরসা। নিজের গরজে তিনি প্রায়ই স্থানীয় লোকজনের স্বাস্থ্য সম্পর্কে খোঁজ-খবর নেন। জনদরদী কবিরাজ বলে আশ-পাশের গ্রামের লোকজনও তাকে বেশ সমীহ করে। বিশেষ করে জ্বর, পেট ব্যাথা, কলেরা, হাঁপানি ইত্যাদি রোগের চিকিৎসায় তার খ্যাতি চারিদিকে বিস্তৃত। দেশিয় পদ্ধতিতে তিনি গাছের পাতা, ছাল, শেকড়-বাকড় থেকে ওষুধ তৈরি করেন। সম্প্রতি তার একচেটিয়া চিকিৎসা ব্যবসায় ফাটল

ধরেছে। নদীর ওপারে যে নতুন এমবিবিএস পাশ করা ডাক্তার এসেছেন আজকাল লোকজন ওখানেই ছুটছে। তাই সমাজে নিজের প্রভাব হারানোর ভয়ে শঙ্কিত শফি কবিরাজ। গোপনে তিনি কৌশল আঁটেন নতুন ডাক্তারকে তাড়াতে।

ক. মতলুব খাঁ কে?

খ. 'তোমার দাড়ি কই মিয়া' –উক্তিটি ব্যাখ্যা করুন।

গ. উদ্দীপকের শফি কবিরাজের মধ্যে 'লালসালু' উপন্যাসের কার চেহারা ফুটে উঠেছে? –আলোচনা করুন।

ঘ. "উদ্দীপক ও 'লালসালু' উপন্যাসে মানুষের অস্তিত্বের সংকট প্রকাশিত হয়েছে।" –স্বীকার করেন কি? আপনার উত্তরের সপক্ষে যুক্তি প্রদর্শন করুন।

## 'ঘ' বিভাগ : নাটক– 'সিরাজউদ্দৌলা'

৯.
শুধু বিঘে দুই ছিল মোর ভুঁই আর সবই গেছে ঋণে
বাবু কহিলেন, বুঝেছ উপেন, এ জমি লইব কিনে।
কহিলাম আমি, তুমি ভূস্বামী, ভূমির অন্ত নাই।
চেয়ে দেখো মোর আছে বড়ো- জোর মরিবার মতো ঠাঁই।
শুনি রাজা কহে, বাপু, জানো তো হে, করেছি বাগানখানা,
পেলে দুই বিঘে প্রস্থ ও দিঘে সমান হইবে টানা–

ক. 'সিরাজউদ্দৌলা' নাটকে কয়টি অঙ্ক আছে?

খ. 'ব্রিটিশ সিংহ ভয়ে লেজ গুটিয়ে নিলেন, এ বড় লজ্জার কথা।' –কে, কেন কথাটি বলেছে?

গ. 'সিরাজউদ্দৌলা' নাটকে ইংরেজদের কোন বৈশিষ্ট্য উদ্দীপকের উপেন চরিত্রে প্রতিফলিত হয়েছে? –ব্যাখ্যা করুন।

ঘ. 'উদ্দীপকের বাবু ও 'সিরাজউদ্দৌলা' নাটকে ইংরেজদের মানসিকতা একই সূত্রে গাঁথা।" –মূল্যায়ন করুন।

**অথবা**

১০. খালাত বোনের মৃত্যুর পর তার একমাত্র সন্তান শুভকে নিজের কাছে নিয়ে আসেন আরশাদ করিম। তিনি শুভকে নিজপুত্র আশিকের মতো লালন-পালন করেন। বড় হয়ে শুভ একদিন সম্পত্তির লোভে মামাতো ভাই আশিকের বুকে অস্ত্র ধরে। মৃত্যুভয়ে ভীত আশিক শুভর নিকট অনেক অনুনয়-বিনয় করে। কিন্তু বিধি বাম। এক পর্যায়ে আশিক শুভর উদ্দেশ্যে বলে, "আমার বাবা-মা তোমাকে পুত্রবৎ লালন-পালন করেছেন। তোমাকে পরম স্নেহে বুকে জড়িয়ে ধরেছেন। আজ তুমি আমায় হত্যা করবে?" শুভর পাষাণ হৃদয় গলেনি। আশিকের নিথর দেহ মুহূর্তে মাটিতে লুটিয়ে পড়ে।

ক. পলাশি কোন নদীর তীরে অবস্থিত?

খ. 'ইনি কী নবাব না ফকির।' –কে, কোন প্রসঙ্গে উক্তিটি করেছিল?

গ. উদ্দীপকের আশিক 'সিরাজউদ্দৌলা' নাটকের কোন চরিত্রকে প্রতিনিধিত্ব করে ? –আলোচনা করুন।

ঘ. "উদ্দীপকে 'সিরাজউদ্দৌলা' নাটকের একটি বিশেষ দিকের প্রতিফলন ঘটেছে।" –মূল্যায়ন করুন।

## বহুনির্বাচনী অভীক্ষা

**সময় : ৪০ মিনিট, পূর্ণমান : ৪০**

বিশেষ দ্রষ্টব্য: সরবরাহকৃত বহুনির্বাচনি অভীক্ষার প্রতিটি ক্রমিক নম্বরের প্রশ্নের সঠিক/সর্বোৎকৃষ্ট উত্তরটি খাতায় লিখুন। প্রতিটি প্রশ্নের মান ১। প্রশ্নপত্রে কোনো প্রকার দাগ/চিহ্ন দেওয়া যাবে না।]

**১. কমলাকান্ত 'পাষাণবৎ কঠিন' হয়েছিল কেন?**

ক. লর্ড ওয়েলিংটন আফিং চাওয়ায় খ. বিড়ালকে সগর্বে তাড়াতে
গ. প্রসন্ন টাকা চাওয়ায় ঘ. মঙ্গলার কষ্টে

**২. কী কারণে চোর অপেক্ষা কৃপণ ধনী শতগুণে দোষী?**

ক. দরিদ্রের ধন চুরি করে খ. দরিদ্রকে কিছুই দেয় না
গ. অন্যের সম্পদ লুট করে ঘ. সমাজের ধন কুক্ষিগত করে

- **নিচের উদ্দীপকটি পড়ুন এবং ৩ ও ৪ নং প্রশ্নের উত্তর দিন :**

রবীন্দ্র ছোটগল্পকে এক দিক থেকে বাঙালির জীবনভাষ্য বলা চলে। তাঁর গল্পে একদিকে যেমন পুরুষতন্ত্রের অমানবিকতার স্ফুরণ ঘটেছে, তেমনি একইসঙ্গে পুরুষের ভাষ্যে নারীর প্রশস্তিও কীর্তিত হয়েছে।

**৩. উদ্দীপকের বিষয়বস্তু কোন রচনার সঙ্গে সঙ্গতিপূর্ণ?**

ক. অপরিচিতা খ. আমার পথ
গ. বিলাসী ঘ. চাষার দুক্ষু

**৪. উদ্দীপক ও 'অপরিচিতা' গল্পে মিল রয়েছে যে বিষয়ে–**

i. উদাসীন মানসিকতা
ii. পুরুষতন্ত্রের অমানবিকতা
iii. নারীর প্রশস্তি

নিচের কোনটি সঠিক?

ক. i খ. ii
গ. iii ঘ. ii ও iii

**৫. শিবিকাবাহকগণ কীসে যাতায়াত করলে সভ্যতার চূড়ান্ত হবে?**

ক. ট্রামে খ. রেলওয়েতে
গ. স্টিমারে ঘ. মোটরে

**৬. 'আসাম সিল্ক' বলা হয়েছে যে বস্ত্রকে–**

ক. এন্ডি খ. ফ্লানেল
গ. জুট ঘ. মসলিন

- **নিচের উদ্দীপকটি পড়ুন এবং ৭ ও ৮ নং প্রশ্নের উত্তর দিন :**

ছোট খালার উপর অভিমান ছিল। তাই বড় অসুখ করলেও তাকে দেখতে যাওয়া হয়নি। নিতান্ত অনিচ্ছা সত্ত্বেও এবার তাকে দেখতে গেলাম। আমাকে দেখেই তিনি বিছানা থেকে ওঠে বসলেন। বললেন, "বাবারে, এতদিন পর এলি?"

**৭. উদ্দীপকের খালার সঙ্গে 'আহ্বান' গল্পের কোন চরিত্রের মিল রয়েছে?**

ক. বুড়ি খ. দিগম্বরী
গ. গোপাল ঘ. শুকুর আলি

**৮. এরূপ সাদৃশ্য রয়েছে যে বিষয়ে–**

i. কষ্টবোধ
ii. অনুযোগ
iii. অভিমান

নিচের কোনটি ঠিক?

ক. i খ. ii
গ. ii ও iii ঘ. iii

**৯. জীবনের তাৎপর্য উপলব্ধি সহজ হয় কীভাবে?**

ক. প্রকৃতির দিকে তাকালে
খ. নদীর দিকে তাকালে
গ. বৃক্ষের দিকে তাকালে
ঘ. সমুদ্রের দিকে তাকালে

**১০. মাসি-পিসির সমস্ত মন জুড়ে কোন ভাবনা কাজ করে?**

ক. নতুন সংসার রচনা
খ. পালিয়ে যাবার চিন্তা
গ. আহ্লাদিকে রক্ষা করা
ঘ. ব্যবসায়ে উন্নতি

- **নিচের উদ্দীপকটি পড়ুন এবং ১১ ও ১২ নং প্রশ্নের উত্তর দিন :**

গত শুক্রবার ওয়াজ মহফিলে বয়ান করা নিয়ে বড় হুজুরের সঙ্গে কথাকাটাকাটি হয় কয়েকজন মুসুল্লির। রাতে দেখা গেল বড় হুজুরের দহলিজখানাটি ভাঙ্গা সমাপ্ত হয়েছে।

**১১. উদ্দীপকের বিষয়বস্তু কোন বাক্যটিতে প্রতিফলিত হয়েছে?**

ক. একদিন সৌদামিনীর বাড়ি হামলা করে বসল
খ. ক্ষিপ্ত জান্তার সামনে সে এবার বোমা ফাটাল
গ. তার ছাগল মাঠ থেকে আর ফিরল না
ঘ. তাই ধর্মপুত্ররা যে যার মানে মানে বাড়ি ফিরলে

**১২. উদ্দীপক ও 'সৌদামিনী মালো' গল্পে প্রকাশিত হয়েছে—**

i. মানুষের শ্রেণিচেতনা
ii. ধর্মীয় উদারতা
iii. ধর্মীয় গোঁড়ামি

নিচের কোনটি সঠিক?

ক. i
খ. ii
গ. iii
ঘ. i ও ii

**১৩. 'রেডিওগ্রাম' শব্দের অর্থ কী?**

ক. স্যাটেলাইট বার্তা
খ. ক্ষুদে বার্তা
গ. বেতার বার্তা
ঘ. টেলিগ্রাম বার্তা

**১৪. পিয়নকে দেখে সবাই তটস্থ থাকেন কেন?**

ক. আচরণের জন্য
খ. মিলিটারির কারণে
গ. রাজাকার বলে
ঘ. মিলিটারির সঙ্গে সুসম্পর্কে

**১৫. মহাজাগতিক কিউরেটররা কেন পৃথিবীতে এসেছিলেন?**

ক. প্রাণের অস্তিত্ব খোঁজ করতে
খ. পৃথিবীতে মানুষের কর্মকাণ্ড দেখতে
গ. সর্বশ্রেষ্ঠ প্রাণির খোঁজে
ঘ. প্রকৃতিকে ধ্বংস করতে

**১৬. 'বঙ্গভাষা' কবিতায় প্রকাশিত হয়েছে 'মাতৃভাষার'—**

i. সৌন্দর্য
ii. মাধুর্য
iii. মহিমা

নিচের কোনটি সঠিক?

ক. i
খ. ii
গ. iii
ঘ. i, ii ও iii

**১৭. 'থরে বিথরে' শব্দগুচ্ছ কোন অর্থে ব্যবহৃত হয়েছে?**

ক. রাশি রাশি
খ. বোঝা বোঝা
গ. স্তরে স্তরে
ঘ. সারি সারি

**১৮.'কনফুসিয়াস' কে?**

ক. চিনা দার্শনিক
খ. হিব্রু কবি
গ. ভারতীয় কবি
ঘ. ইরানি দার্শনিক

**১৯. কাশী-মথুরা-বৃন্দাবন-গয়া বলতে বোঝানো হয়েছে ?**

ক. পর্যটন এলাকা
খ. ঐতিহাসিক স্থান
গ. ধর্মীয় স্থান
ঘ. প্রত্নতাত্ত্বিক এলাকা

**২০. ‘হলুদ শাড়ি’ দ্বারা কী বোঝানো হয়েছে?**

ক. কাঁচা ধানের মৌসুম | খ. পাকা ধানের মৌসুম
গ. বাংলার পোশাক বৈচিত্র্য | ঘ. বাংলার প্রাকৃতিক বৈচিত্র্য

**২১. ‘কবর’ কবিতায় ফুটে উঠেছে –**

ক. কবির শোক ও বেদনা | খ. বৃদ্ধ দাদুর শোক ও বেদনা
গ. কবির জীবনের কাহিনি | ঘ. বৃদ্ধের নাতির শোক ও বেদনা

**২২. ‘পুষ্পারতি’ বলতে বোঝানো হয়েছে–**

ক. পুষ্পের সৌন্দর্য | খ. শীতের আগমন
গ. পুষ্পের বন্দনা | ঘ. নবান্নের উৎসব

**২৩. ‘জাত্যাভিমান’ শব্দটি দ্বারা বোঝানো হয়েছে–**

ক. আভিজাত্য গর্ব | খ. মানবীয়তা
গ. জিঘাংসা প্রবৃত্তি | ঘ. ভালোবাসা

- **নিচের উদ্দীপকটি পড়ুন এবং ২৪ ও ২৫ নং প্রশ্নের উত্তর দিন :**

কাজী নজরুল ইসলামের ‘বিদ্রোহী’ কবিতার দুটি চরণ এ রকম–
‘আমি দুর্বার
আমি ভেঙে করি সব চুরমার।’ এতে যৌবনের অদম্য প্রাণশক্তি প্রকাশ পেয়েছে।

**২৪. উদ্দীপকের কবি কাজী নজরুল ইসলামের সঙ্গে আপনার পঠিত কোন কবির সাদৃশ্য রয়েছে?**

ক. আল মাহমুদ | খ. সুফিয়া কামাল
গ. সুকান্ত ভট্টাচার্য | ঘ. বিষ্ণু দে

**২৫. উদ্দীপকের কবি কাজী নজরুল ইসলাম ও সুকান্ত ভট্টাচার্যের রচনার বৈশিষ্ট্য হচ্ছে–**

ক. প্রকৃতি ও জন্মভূমি প্রীতি | খ. নাগরিক জীবনবোধ
গ. সাহসী অভিযাত্রা | ঘ. অন্যায়ের বিরুদ্ধে বিদ্রোহ

**২৬. ‘ফেব্রুয়ারি ১৯৬৯’ কবিতায় ‘মানবিক বাগান’ বলতে বোঝানো হয়েছে–**

ক. মানবীয় জগৎ | খ. মনোহর বাগান
গ. মানুষের বাগান | ঘ. আনন্দময় জগত

**২৭. ‘শ্বাপদ’ বলতে বোঝায় –**

ক. গৃহপালিত পশু | খ. নিরীহ জন্তু
গ. হিংস্র মাংসাশী প্রাণী | ঘ. তৃণভোজী জন্তু

**২৮. কবি কেন ‘বিচলিত স্নেহে’র কথা বলেছেন?**

ক. শঙ্কায় | খ. ভয়ে
গ. ভালবাসায় | ঘ. কল্পনায়

- **নিচের উদ্দীপকটি পড়ুন এবং ২৯ ও ৩০ নং প্রশ্নের উত্তর দিন :**

শত বছরের শত সংগ্রাম শেষে
রবীন্দ্রনাথের মতো দৃপ্ত পায়ে হেঁটে
অতঃপর কবি এসে জনতার মঞ্চে দাঁড়ালেন।

**২৯. উদ্দীপকের কবির সঙ্গে ‘নূরুলদীনের কথা মনে পড়ে যায়’ কবিতায় কার সঙ্গে সাদৃশ্য রয়েছে?**

ক. নূরুলদীন | খ. রবীন্দ্রনাথ
গ. মাহমুদ দীন | ঘ. নূরলদীন

**৩০. উদ্দীপক ও ‘নূরুলদীনের কথা মনে পড়ে যায়’ কবিতায় প্রকাশিত হয়েছে বাঙালির–**

ক. ধর্মীয় চেতনা | খ. মুক্তির প্রত্যাশা
গ. ভাষার সংগ্রাম | ঘ. সংস্কৃতির লড়াই

**৩১. ‘সালু’ শব্দের অর্থ কী?**

ক. কালো রঙের কাপড় | খ. লাল রঙের কাপড়
গ. মাজারের আবরণ | ঘ. কবরস্থানের আবরণ

**৩২. মোনাজাত শেষে মজিদ কোনদিকে পা ফেলেছিল?**

ক. উত্তর　　খ. দক্ষিণ

গ. পশ্চিম　　ঘ. পূর্ব

**৩৩. 'শস্যহীন জনবহুল' কথাটি যে অর্থে ব্যবহৃত হয়েছে−**

i. আকাল

ii. দুর্ভিক্ষ

iii. প্লাবন

নিচের কোনটি সঠিক?

ক. i ও ii　　খ. ii

গ. iii　　ঘ. i, ii ও iii

- **নিচের উদ্দীপকটি পড়ুন এবং ৩৪ ও ৩৫ নং প্রশ্নের উত্তর দিন :**

বউ মারায় একটা পৈশাচিক আনন্দ পায় আবুল। মেরে মেরে এর আগে দুটো বউকে প্রাণে শেষ করে দিয়েছে সে।

**৩৪. 'লালসালু' উপন্যাসের কোন চরিত্রের সঙ্গে আবুলের মিল রয়েছে?**

ক. মজিদ　　খ. তাহের

গ. আক্কাস　　ঘ. ঢেঙা বুড়ো

**৩৫. এই মিল যে বিষয়ে প্রকাশিত হয়েছে−**

i. ভালবাসায়

ii. হিংস্রতায়

iii. নারী নির্যাতনে

নিচের কোনটি সঠিক?

ক. i　　খ. ii

গ. iii　　ঘ. i ও ii

**৩৬. 'সিরাজউদ্দৌলা' নাটক কয়টি অঙ্কে বিভক্ত?**

ক. দুইটি　　খ. তিনটি

গ. চারটি　　ঘ. পাঁচটি

**৩৭. নবাব সৈন্যের বিরুদ্ধে লড়াইয়ের জন্য কে ডাচ ও ফরাসিদের নিকট সাহায্য চেয়েছিল?**

ক. লর্ড ক্লাইভ　　খ. ক্লেটন

গ. ওয়াটসন　　ঘ. হলওয়েল

**৩৮. পলাশির যুদ্ধে সিরাজের পতন হলে−**

i. ক্লাইভ পাবে দশ লক্ষ টাকা

ii. কলকাতার লোকেরা পাবে সত্তর লক্ষ টাকা

iii. কোম্পানি পাবে এক কোটি টাকা

নিচের কোনটি সঠিক?

ক. i　　খ. ii

গ. iii　　ঘ. i, ii ও iii

- **নিচের উদ্দীপকটি পড়ুন এবং ৩৯ ও ৪০ নং প্রশ্নের উত্তর দিন :**

কলিমদ্দি দফাদার ইউনিয়ন বোর্ডের চাকুরে। চাকুরিগত কারণে তাকে সব সময় পাক-বাহিনীর সঙ্গে থাকতে হয়। তবে সে পাক-বাহিনীর সঙ্গে থাকলেও অন্তরালে মুক্তিযোদ্ধাদের তথ্য দিয়ে সহায়তা করে।

**৩৯. উদ্দীপকের কলিমদ্দি দফাদারের বিপরীত পরিচয় 'সিরাজউদ্দৌলা' নাটকের যে চরিত্রে ফুটে উঠেছে−**

ক. মিরমর্দান　　খ. মোহনলাল

গ. উমিচাঁদ　　ঘ. গভর্নর ড্রেক

**৪০. উদ্দীপকের কলিমদ্দি দফাদার ও নাটকের রাইসুল জুহালা চরিত্রে প্রকাশিত হয়েছে−**

ক. প্রাসাদ ষড়যন্ত্র　　খ. দেশপ্রেম

গ. কূটকৌশল　　ঘ. হিংসা-বিদ্বেষ

এইচএসসি প্রোগ্রাম

# বাংলা প্রথম পত্র : HSC-1851

## মানবণ্টন : পূর্ণমান : ১০০

| | | |
|---|---|---|
| ১. সৃজনশীল প্রশ্ন **(কাঠামোবদ্ধ)** | : ৬০ নম্বর | (৬×১০ = ৬০) |
| ২. বহুনির্বাচনি প্রশ্ন | : ৪০ নম্বর | (৪০×১ = ৪০) |
| | **সর্বমোট** | **= ১০০** |

**১. সৃজনশীল রচনামূলক প্রশ্ন :** ৬০ নম্বর (৬×১০ = ৬০)

| | |
|---|---|
| ক. গদ্য থেকে ৩টি উদ্দীপক থাকবে, ২টির উত্তর দিতে হবে− | (২×১০ = ২০)। |
| খ. কবিতা থেকে ৩টি উদ্দীপক থাকবে, ২টির উত্তর দিতে হবে− | (২×১০ = ২০)। |
| গ. উপন্যাস থেকে ২টি উদ্দীপক থাকবে, ১টির উত্তর দিতে হবে− | (১×১০ = ১০)। |
| ঘ. নাটক থেকে ২টি উদ্দীপক থাকবে, ১টির উত্তর দিতে হবে− | (১×১০ = ১০)। |

**২. সৃজনশীল বহুনির্বাচনি প্রশ্ন :** ৪০ নম্বর (৪০×১ = ৪০)

বহুনির্বাচনি অংশে দক্ষতার স্তর ঠিক রেখে মোট ৪০টি প্রশ্ন থাকবে।
সকল প্রশ্নের উত্তর দিতে হবে। প্রতি প্রশ্নের মান ১ নম্বর।

| | |
|---|---|
| ক. গদ্য থেকে ১৫টি বহুনির্বাচনি প্রশ্ন থাকবে, সব কয়টির উত্তর দিতে হবে− | (১৫×১ = ১৫)। |
| খ. কবিতা থেকে ১৫টি বহুনির্বাচনি প্রশ্ন থাকবে, সব কয়টির উত্তর দিতে হবে− | (১৫×১ = ১৫)। |
| গ. উপন্যাস থেকে ৫টি বহুনির্বাচনি প্রশ্ন থাকবে, সব কয়টির উত্তর দিতে হবে− | (০৫×১ = ০৫)। |
| ঘ. নাটক থেকে ৫টি বহুনির্বাচনি প্রশ্ন থাকবে, সব কয়টির উত্তর দিতে হবে− | (০৫×১ = ০৫)। |
| | **সর্বমোট = ১০০** |

সৃজনশীল রচনামূলক প্রশ্নের শুরুতে একটি দৃশ্যকল্প বা উদ্দীপক (Stem) থাকবে, যা হতে পারে একটি সাধারণ সূচনা বক্তব্য, চার্ট, সমীকরণ, চিত্র, গ্রাফ ইত্যাদি। দৃশ্যকল্প বা উদ্দীপকের শেষে ৪টি প্রশ্ন থাকবে।
প্রশ্ন ৪টির নম্বর বন্টন হবে নিম্নরূপ :

ক. জ্ঞান স্তর− ১
খ. অনুধাবন স্তর− ২
গ. প্রয়োগ দক্ষতা স্তর− ৩
ঘ. উচ্চতর দক্ষতা স্তর− ৪

প্রতিটি প্রশ্নের এই ৪টি অংশের মোট নম্বর হবে (১+২+৩+৪)= ১০।



**সাহায্য বা সহায়তার জন্য পরামর্শ নিন−**

আপনার স্টাডি সেন্টারের কোর্স টিউটর


| | |
|---|---|
| **ড. মো. চেঙ্গীশ খান** | **মেহেরীন মুনজারীন রত্না** |
| সহযোগী অধ্যাপক (বাংলা) | সহকারী অধ্যাপক (বাংলা) |
| বাংলাদেশ উন্মুক্ত বিশ্ববিদ্যালয়। | বাংলাদেশ উন্মুক্ত বিশ্ববিদ্যালয়। |
| ইমেইল : chenggish@gmail.com | ইমেইল : meherin2010.bou@gmail.com |